দৈনিক ইনকিলাব

তারিখ ... 29.OCT 1998.. ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

বাউবির হঠকারী সিদ্ধান্ত

# এইচএসসি প্রোগ্রামের 'আড়াইশ' শিক্ষার্থীর শিক্ষাজীবন অনিশ্চিত

প্রেস বিজ্ঞপ্তি ঃ ঢাকার মতিঝিলস্থ টিএন্ডটি কলেজে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এইচএসসি,প্রোগ্রাম আকস্মিকভাবে স্থগিত করার ফলে ২৫০ জন ছাত্র-ছাত্রীর শিক্ষাজীবন অনিশ্চিত হয়ে পড়েছে। গত একমাস পূর্বে বাউবি কর্তৃক টিএন্ডটি কলেজে এইচএসসি প্রোগ্রামে ছাত্র-ছাত্রী ভর্তির নির্দেশ প্রদান করা হয়। সেই মোতাবেক কলেজ কর্তৃপক্ষ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করেন। এদিকে গত ২৭-১০-৯৮ তারিখে এক পত্রের মাধ্যমে বাউবি এই কলেজ কেন্দ্রে ভর্তি প্রক্রিয়া বন্ধ করার নির্দেশ প্রদান করেন। গতকাল (বুধবার) ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার শেষদিন হওয়ায় উক্ত শিক্ষার্থীদের অন্য কোন কলেজে ভর্তি হওয়ার কোন সুযোগ না থাকায় তাদের শিক্ষাজীবন অনিশ্চিত হয়ে পড়েছে। বাউবি-এর এই ধরনের হঠকারী সিদ্ধান্তের ফলে শিক্ষার্থী এবং অভিভাবকবৃন্দ গতকাল (বুধবার) এক সমাবেশের আয়োজন করে এই অন্যায় স্থগিতাদেশ প্রত্যাহারে জোরালো দাবী জানান।

একমাস আগে অত্র অঞ্চলের শিক্ষা প্রসারে প্রধানমন্ত্রীর বিশেষ নির্দেশে এই কেন্দ্রটি চালু হলেও কোন এক অদৃশ্য হাতের ছোঁয়ায় এর কার্যক্রম বাতিল করা হয়।